



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.১০৬.২০২৩-৬৬২৭

তারিখ : ২৪/১১/২০২৫ খ্রি:।

ক্লাস স্থগিত ও আবাসিক হল বন্ধ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সাম্প্রতিক ভূমিকম্প ও তৎপরবর্তী ঝাঁকনিসমূহ (Aftershocks) এর কারণে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক আঘাত এবং তাহাদের সার্বিক নিরাপত্তার বিষয়টি বিবেচনায় অদ্য ২৪/১১/২০২৫ খ্রি: তারিখে মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় এঁর সভাপতিত্বে প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়, সকল অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, রেজিস্ট্রার, পরিচালক ও হল প্রভোস্টবৃন্দের সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

- (১) বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের একাডেমিক কার্যক্রম (সকল ক্লাস ও পরীক্ষা) অদ্য ২৪/১১/২০২৫ খ্রি: থেকে ০৪/১২/২০২৫ খ্রি: তারিখ পর্যন্ত বন্ধ থাকিবে।
- (২) পূর্ব ঘোষিত রুটিন অনুযায়ী আগামী ০৭/১২/২০২৫ খ্রি: তারিখ থেকে যথারীতি ক্লাস ও পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হইবে।
- (৩) উক্ত ছুটিকালীন শিক্ষার্থীদের আবাসিক হলসমূহ সীলগালা অবস্থায় সম্পূর্ণ বন্ধ (Vacant) থাকিবে। আবাসিক হলে বসবাসকারী ছাত্রদের অদ্য ২৪/১১/২০২৫ খ্রি: তারিখ সোমবার বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে আবাসিক হলসমূহ খালি করিতে হইবে। আগামীকাল ২৫/১১/২০২৫ খ্রি: তারিখ সকাল ১০:০০ ঘটিকার মধ্যে মাদাম কুরী হলের ছাত্রীদের হল খালি করিতে হইবে। আবাসিক হলসমূহে গ্যাস, বিদ্যুৎ ও পানির সরবরাহ রাত ৮:০০ ঘটিকায় বন্ধ করা হইবে। হল ত্যাগের সময় শিক্ষার্থীদের নিজেদের মূল্যবান জিনিসপত্র সঙ্গে নিয়ে বের হওয়ার নির্দেশনা প্রদান করা হইল। আগামী ০৬/১২/২০২৫ খ্রি: তারিখে আবাসিক হলসমূহ পুনরায় খুলে দেওয়া হইবে।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সার্বিক নিরাপত্তার স্বার্থে এই বিজ্ঞপ্তি জারী করা হইল।


24 NOV 2025


(অধ্যাপক ড. মোহা: আবু তৈয়ব)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)
তারিখ : ২৪/১১/২০২৫ খ্রি:।

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.১০৬.২০২৩-৬৬২৭

সদয় অবগতি ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) অনুলিপি :-

(তালিকা জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সকল- ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান (সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
- ৪। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
- ৫। চেয়ারম্যান, আইসিটি সেল।
- ৬। সকল নোটিশ বোর্ড।
- ৭। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।


28/11/25
(মোঃ জহিরুল ইসলাম)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা